

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৭৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ২০. তৃতীয় অনুচ্ছেদ - ওয়াসিয়্যাত (অন্তিম উপদেশ বা নির্দেশ)

আরবী

عَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ مَاتَ عَلَى وَصِيَّةٍ مَاتَ عَلَى سَبِيلِ وَسُنَّةٍ وَمَاتَ مَغْفُورًا لَهُ» . رَوَاهُ ابْنُ مَاجَهُ

বাংলা

৩০৭৬-[৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ওয়াসিয়্যাত করে মারা গেছে সে সত্যপথ ও সুন্নাতের উপর মারা গেছে, মুত্তাকী ও শহীদরূপে মারা গেছে এবং আল্লাহর ক্ষমাপ্রাপ্ত হয়ে মারা গেছে। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : ইবনু মাজাহ ২৭০১, য'ঈফ আল জামি' ৫৮৪৮। কারণ এর সনদে 'আওফ একজন মাজহূল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ওয়াসিয়্যাতের প্রতি উৎসাহ প্রদান করতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাযীলাতের এ কথা বলেছেন। ওয়াসিয়্যাত করে কেউ যদি মৃত্যুবরণ করে তাহলে সে পাঁচটি বৈশিষ্ট্যের অধিকারী হয়।

প্রথমতঃ ঐ ব্যক্তি সরল-সঠিক ও শক্তিশালী ভিত্তির উপর মৃত্যুবরণ করে।

দ্বিতীয়তঃ এমন সুন্নাতের উপর সে মৃত্যুবরণ করে যা রবের নিকট গ্রহণীয় এবং রোমাঞ্চকর।

তৃতীয়তঃ ঐ ব্যক্তি আল্লাহর পক্ষ থেকে আদিষ্ট বিষয়াবলী পালন ও নিষিদ্ধ বস্তু থেকে বিরত থেকে তাকওয়ার মানদণ্ডের উপরে মৃত্যুবরণ করে।

চতুর্থতঃ ওয়াসিয়্যাতকারী শাহীদী মর্যাদা নিয়ে মারা যায়। সর্বশেষ ঐ ওয়াসিয়্যাতকারী আল্লাহর পক্ষ থেকে ক্ষমাপ্রাপ্ত হয়ে মৃত্যুবরণ করে। যা হলো প্রকৃত উদ্দেশ্য। তবে সগীরাহ্ গুনাহ ক্ষমা করা হয়। কেননা কবীরা গুনাহ



থেকে মুক্তির পথ হলো তাওবাহ্। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন